



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক (তঃপ্রঃ), সওজ এর কার্যালয়
বাংলাদেশ সড়ক গবেষণাগার, মিরপুর, ঢাকা।
ফোনঃ ০২-৫৮০৫৪৬২৬
ই-মেইল: sebrrl@rhd.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০১.০০০০.০০০.৩১.০০৪.২৩.৯

তারিখ: ২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বাংলাদেশ সড়ক গবেষণাগার এর আওতাধীন পরীক্ষাগারে বিভিন্ন মালামাল ওপাইল ইন্ড্রিগ্রিটি পরীক্ষার ক্ষেত্রে নিয়মসমূহ প্রতিপালন প্রসঙ্গে।

সড়ক ও জনপথ অধিদপ্তরের সকল দপ্তর এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বাংলাদেশ সড়ক গবেষণাগার এর পরীক্ষাগারে সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ হতে মালামাল, পাইল ইন্ড্রিগ্রিটি পরীক্ষাসহ অন্যান্য সকল ধরণের পরীক্ষার ক্ষেত্রে নিম্নোলিখিত নিয়মসমূহ প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

নিয়মসমূহঃ

- ১। বাংলাদেশ সড়ক গবেষণাগারে মালামাল ও পাইল ইন্ড্রিগ্রিটি পরীক্ষার জন্য প্রস্তাব প্রেরণ করার ক্ষেত্রে প্রেরণকারী কর্মকর্তা (নির্বাহী প্রকৌশলী, সওজ) অবশ্যই স্বাক্ষর সম্বলিত সীলগালা এবং উক্ত দপ্তরের যথাযথ প্রতিনিধির মাধ্যমে মালামাল প্রেরণ করবে।
- ২। পরীক্ষার জন্য নির্ধারিত মূল্য প্রদান করতে হবে। পরীক্ষার জন্য প্রযোজ্য ফি এর পরিমাণ বাংলাদেশ সড়ক গবেষণাগার এর আওতাধীন সংশ্লিষ্ট বিভাগ হতে অথবা সড়ক ও জনপথ এর ওয়েব সাইট হতে জেনে নিয়ে চালানোর মাধ্যমে কোড নং- ৬-৫০৪১-০০০০-৮৮২১ এ পরীক্ষার ফি জমা প্রদান করতে হবে (নমুনা কপি সংযুক্ত) এবং চালানোর কপি যে দপ্তর হতে মালামাল ও পাইল ইন্ড্রিগ্রিটি পরীক্ষা করা হবে সে দপ্তরে প্রদান করতে হবে। প্রেরণকারী দপ্তরের কর্মকর্তা (নির্বাহী প্রকৌশলী, সওজ) এবং সড়ক গবেষণাগারের গ্রহণকারী কর্মকর্তা চালান এর মাধ্যমে পরীক্ষার ফি জমা প্রদান করা হয়েছে কি না তা অনলাইন চালান ভেরিফিকেশন এর মাধ্যমে নিশ্চিত করবে।
- ৩। মালামাল ও পাইল ইন্ড্রিগ্রিটি পরীক্ষার জন্য প্রেরিত পত্র বাংলাদেশ সড়ক গবেষণাগার এর আওতাধীন পরীক্ষাকারী দপ্তর হতে গ্রহণ করে নিতে হবে।
- ৪। মালামাল ও পাইল ইন্ড্রিগ্রিটি পরীক্ষার ফলাফল সড়ক ও জনপথ অধিদপ্তরের ওয়েব সাইট হতে পাওয়া যাবে। rhd.portal.gov.bd ওয়েব সাইট এর অধীন প্রকিউরমেন্ট/মনিটরিং/এইচডিএম/সড়ক গবেষণাগার/রোড সেফটি এর অভ্যন্তরে সড়ক গবেষণাগার/রোড সেফটি সাইট হতে টেষ্ট রিপোর্ট সমূহ পাওয়া যাবে।
- ৫। মালামাল ও পাইল ইন্ড্রিগ্রিটি পরীক্ষার জন্য প্রেরণকারী দপ্তরকে (নির্বাহী প্রকৌশলী, সওজ এর দপ্তর) অফিসিয়াল ই-মেইল এ ও প্রেরণ করা হবে।



১৭-০৭-২০২৩

মোঃ আহসান হাবিব
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সকল সড়ক জোন;
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সকল সড়ক সার্কেল এবং
- ৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, সকল সড়ক বিভাগ।


স্মারক নম্বর: ৩৫.০১.০০০০.০০০.৩১.০০৪.২৩.৯/১ (৫)

তারিখ: ২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, টেকনিক্যাল সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর;
- ২। নির্বাহী প্রকৌশলী, উপকরণ পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর;
- ৩। নির্বাহী প্রকৌশলী, মৃত্তিকা অনুসন্ধান বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর;
- ৪। নির্বাহী প্রকৌশলী, মান নিয়ন্ত্রন বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর এবং
- ৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সিনিয়র সিস্টেম এনালিষ্ট এর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, তাঁকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।





১৭-০৭-২০২৩

মোঃ আহসান হাবিব
তত্ত্বাবধায়ক প্রকৌশলী